# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 10 May, 2025

ভারত-পাকিস্তান যুদ্ধবিরতির কয়েক ঘণ্টা না যেতেই ভারতের জম্মু-কাশ্মিরের শ্রীনগরে একাধিক বিকট বিস্ফোরণের শব্দে আতঙ্ক ছড়িয়ে পড়েছে।শনিবার (১০ মে) রাতের দিকে এই বিস্ফোরণ শোনা যায় বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দা ও কর্মকর্তারা।

শ্রীনগরের মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লাহ এক্স (পূর্বে টুইটার)-এ লিখেছেন যুদ্ধবিরতির কী হলো? শ্রীনগরজুড়ে বিস্ফোরণের শব্দ শোনা গেছে।তিনি এক ভিডিও-সহ আরও একটি পোস্টে বলেন,শ্রীনগরের মধ্যাঞ্চলে আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করা হয়েছে।এখানে কোনো যুদ্ধবিরতি কার্যকর নেই।’

শ্রীনগরের স্থানীয়রা জানিয়েছেন, বিস্ফোরণের পর শহরের কিছু এলাকায় বিদ্যুৎ বিচ্ছিন্ন করে ব্ল্যাকআউট করা হয়েছে।আল-জাজিরা বরাতে জানা যায়, বারামুল্লাহ এবং জম্মুতেও একই ধরনের বিস্ফোরণ শোনা গেছে।

স্থানীয় সাংবাদিক ওমর মেহরাজ বলেন বিকট শব্দে মানুষ আতঙ্কিত হয়ে নিরাপদ স্থানে ছুটে যাচ্ছেন।বিস্ফোরণের উৎস মিসাইল না কি আকাশ প্রতিরক্ষার অংশ—তা নিশ্চিত হওয়া যায়নি।’

অন্যদিকে লুধিয়ানার ডিসি (জেলা প্রশাসক) জানিয়েছেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে, তবে সতর্কতা হিসেবে প্রয়োজনে আংশিক ব্ল্যাকআউট কার্যকর করা হবে।একই সঙ্গে পাঞ্জাবের অমৃতসরের ডিসি জানান, সীমান্ত লঙ্ঘনের ঘটনা ঘটেছে এবং তাদের দিক থেকেও প্রস্তুতি নেওয়া হচ্ছে।

এই ঘটনাগুলোর মধ্যেই ভারত ও পাকিস্তান পূর্বঘোষিত যুদ্ধবিরতি কার্যকর রাখার প্রতিশ্রুতি দিলেও মাঠের বাস্তবতা অন্যরকম চিত্র তুলে ধরছে।

ভারত পাকিস্তান যুদ্ধ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 23:18

URL: https://www.timestodaybd.com/international/2272775807